



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

(জেলা বীজ প্রত্যয়ন অফিসার, বীজ প্রত্যয়ন এজেন্সী, মানিকগঞ্জ)

এবং

আঞ্চলিক বীজ প্রত্যয়ন অফিসার, বীজ প্রত্যয়ন এজেন্সী, ঢাকা অঞ্চল, ঢাকা।

এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

০১-জুলাই/২০২৪ খ্রি: হতে ৩০ জুন/২০২৫

সূচিপত্র :

কর্মসম্পাদনের সার্বিক চিত্র	
প্রস্তাবনা	
সেকশন ১ : রূপকল্প, অভিলক্ষ্য, কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি।	
সেকশন ২ : বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/ প্রস্তাব।	
সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা	
সংযোজনী ১ : শব্দসংক্ষেপ	
সংযোজনী ২ : কর্মসম্পাদন সূচকের পরিমাপ পদ্ধতি	
সংযোজনী ৩ : অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ	
সংযোজনী ৪ : জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৪-২০২৫	
সংযোজনী ৫ : ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৪-২০২৫	
সংযোজনী ৬ : অভিযোগ প্রতিকার ব্যবস্থা কর্মপরিকল্পনা ২০২৪-২০২৫	
সংযোজনী ৭ : সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা ২০২৪-২০২৫	
সংযোজনী ৮ : তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা ২০২৪-২০২৫	

কর্মসম্পাদনের সার্বিক চিত্র

সাম্প্রতি অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহঃ

সকল ফসলের বীজের উৎকর্ষ মান নিশ্চিত করাই বীজ প্রত্যয়ন এজেন্সীর প্রধান কাজ। বিগত ০৩ (তিন) বছরে মোটিফাইড ফসলের ১৬৬.০০ হেক্টর বীজ ফসলের মাঠ পরিদর্শন ও মূল্যায়ন করা হয়েছে। যার আওতায় উৎপাদিত বীজের পরিমাণ ছিল ৮৩১.৬ মেট্রিক টন। জাতীয় ও আঞ্চলিক বীজ পরীক্ষাগারে ৭৫১ বীজ নমুনার বিশুদ্ধতার, আর্দ্রতা ও অসুরোধগম ক্ষমতা পরীক্ষা করা হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ :

সরকারী ও বেসরকারী উদ্যোগে বর্তমান চাহিদার শতকরা ২৩ (শত) ভাগ সম্পন্ন বীজ সরবরাহ করা সম্ভব হচ্ছে। বীজমান নিশ্চিত করার লক্ষে বাজারজাতকৃত মানঘোষিত বীজের (টি.এল.এস) মনিটরিং জোরদারকরণ। নমুনা সংগ্রহের পর হতে বীজ প্যাকেটিং পর্যন্ত সংশ্লিষ্ট বীজ লট, বীজ উৎপাদনকারী প্রতিষ্ঠানের নিয়ন্ত্রণের সম্ভবনা থাকে।

ভবিষ্যৎ পরিকল্পনা :

সকল ফসলের সকল শ্রেণীর বীজ প্রত্যয়নের আওতায় আনয়নের উদ্যোগ গ্রহণ। সকল ফসলের শতকরা মানসম্পন্ন বীজ উৎপাদনের প্রয়োজনীয় প্রত্যয়ন সেবা প্রদান। বীজের মাননিয়ন্ত্রণ কার্যক্রম, শক্তিশালীকরণ, বীজ প্রক্রিয়াজাতকরণ ও সংরক্ষণ সুবিধা বৃদ্ধি, বীজ বাজারজাত ও বিক্রয় কার্যাদির মনিটরিং জোরদারকরণ এবং গুরুত্বপূর্ণ ফসল সমূহ প্রত্যয়নের আওতাভুক্তকরণ, বীজ আইন অনুযায়ী আমদানিকৃত বীজের মান নিশ্চিত করণ।

২০২২-২০২৩ অর্থ বছরের প্রধান অর্জনসমূহ :

- ০১। ধান, পাট ফসলের মোট ২৩৯.০০ মে. টন বীজ প্রত্যয়ন।
- ০২। বীজ পরীক্ষাগারের প্রত্যয়নাধীন ৬৯ টি নমুনা পরীক্ষাকরণ।
- ০৩। বীজ ডিলারের দোকান পরিদর্শন করে ৬৫ টি মার্কেট মনিটরিং নমুনা পরীক্ষা করে বীজের মান যাচাই করা।
- ০৪। মোবাইল কোর্টের মাধ্যমে ভেজাল বীজ ব্যবসায়ীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের প্রচেষ্টা চলছে।
- ০৫। প্রত্যয়নকৃত ট্যাগ বিতরণ।
- ০৬। নিবন্ধনকৃত বীজ ডিলারের সংখ্যা ২৮০ থেকে ৩০০ বৃদ্ধি করণ।
- ০৭। বীজ উৎপাদনকারীর সংখ্যা বৃদ্ধি পেয়েছে।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহ সম্মত হলেন।

প্রস্তাবনা

প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২৪-২০২৫ যথাযথ বাস্তবায়নের লক্ষে-

জেলা বীজ প্রত্যয়ন অফিসার, বীজ প্রত্যয়ন এজেন্সী, মানিকগঞ্জ।

এবং

আঞ্চলিক বীজ প্রত্যয়ন অফিসার, বীজ প্রত্যয়ন এজেন্সী, ঢাকা অঞ্চল, ঢাকা।

এর মধ্যে ২০২৪ সালের এপ্রিল মাসের ০৬/০৬/২০২৪ খ্রি: এই তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

সেকশন ১ :

রূপকল্প, অভিলক্ষ্য, কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

১.১ রূপকল্প : মান সম্মত বীজের নিশ্চয়তা

১। অভিলক্ষ্য : উচ্চ গুণাগুণ সম্পন্ন ও প্রতিকূলতা সহিষ্ণু জাতের মানসম্পূর্ণ বীজের উৎপাদনের ও বিতরণে উৎপাদনকারীদের প্রত্যয়ন সেবা প্রদান এবং মার্কেট মনিটরিং কার্যক্রম জোরদারকরণের মাধ্যমে বীজের মান নিশ্চিতকরণ।

২। মান সম্পন্ন বীজের সহজলভ্যতা ও সরবরাহ বৃদ্ধি।

৩। ফসল খাতে উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি।

৪। মার্কেট মনিটরিং এর মাধ্যমে ভেজাল বীজের অনুপ্রবেশে বাধা প্রদান।

৫। বীজ ব্যবসায়ীদের প্রত্যয়ন নিবন্ধন ও নবায়ন করা।

সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রম জোরদারকরণ

১। দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন।

২। কর্মব্যবস্থাপনার পেশাদারিত্বের উন্নয়ন।

৩। সেবা প্রদানের মান উন্নয়ন।

১.৪ কার্যাবলি : (আইন/বিধি দ্বারা নির্ধারিত কার্যাবলি)

(ক) বীজ উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ এবং মান নিয়ন্ত্রণ সম্পর্কে বীজ উৎপাদকদের পরামর্শ প্রদান।

(খ) পরিদর্শন ও বীজ পরীক্ষার মাধ্যমে উৎপাদিত ও বাজারজাতকৃত বীজের মান নিয়ন্ত্রণের দায়িত্ব পালন।

(গ) বীজ উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ ও মান নিয়ন্ত্রণ বিষয়ক ডাটা ও তথ্য সংগ্রহ করা।

(ঘ) নিয়ন্ত্রিত ফসলের মৌল, ভিত্তি ও প্রত্যায়িত বীজ প্রত্যয়ন করা।

(ঙ) সম্পদের অপ্রতুলতা সাপেক্ষে বীজ কোম্পানী/ প্রতিষ্ঠানকে বীজ প্রত্যয়ন সেবা প্রদান।

(চ) নিয়ন্ত্রিত ফসলের জাত মূল্যায়ন।

(ছ) নিম্ন ফলনশীল অথবা রোগ ও পোকামাকড় সংবেদনশীল হওয়া জাত সমূহের জন্য তথ্য সংগ্রহ ও সংরক্ষণ।

(জ) কৃষক পর্যায়ে উন্নত বীজ ব্যবহার ও বর্ধন কাজে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরকে সহায়তা করা।

(ঝ) মানঘোষিত বীজের নমুনা সংগ্রহ করা এবং যথাযথ পরীক্ষার মাধ্যমে ঘোষিতমান যাচাই করা।

(ঞ) বীজ আইন ২০১৮ এর বিধানসমূহ প্রয়োগ করা এবং অপরাধীর বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা।

